

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ৬, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
পরিকল্পনা শাখা-৩

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/০১ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

নং ২৫.০০.০০০০.০৩২.১৪.০০৯.১৫(অংশ-২)/২৩৮—Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 73 এ প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর এখতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকায় ডিটেইল্ড এরিয়া প্ল্যান (DAP) প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়, যা মন্ত্রিসভার অনুমোদনক্রমে এসআরও নং ২৩২-আইন/২০১০, তারিখ ২২ জুন, ২০১০ মূলে সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন হিসাবে প্রকাশিত হয়।

২। অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-১১৯, তারিখ ২৮ জুন ২০১০ এর মাধ্যমে রাজউক কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০.০০.০১০.২০১০-১৬১, তারিখ ১৯-১০-২০১৫ এর মাধ্যমে উক্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করা হয়।

৩। পুনর্গঠিত মন্ত্রিসভা কমিটির গত ০৪-০৪-২০১৮ ও ২৩-০৪-২০১৮ তারিখে অনুষ্ঠিত ১২তম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ধামগড় মৌজার আর এস দাগ ১৫০১, ১৫০২, ১৫০৫ এবং কুড়িপাড়া মৌজার আর এস দাগ ৫৬৭, ৫৮৭, ৮৬৪, ৮৬৪/৮৭০ এ অবস্থিত ড্যাপে চিহ্নিত ভূমি ব্যবহার শ্রেণি

( ১০২১৯ )

মূল্য : টাকা ৪.০০

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষের আরোপিত শর্তে আবাসিক এলাকা হতে প্লটের ভূমি ব্যবহার বাণিজ্যিক ও শিল্প এলাকা হিসেবে পরিবর্তনের অনুমতি দেওয়া হয়, যা এতদ্বারা প্রকাশ করা হলো।

৪। উল্লেখ্য, ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) এ চিহ্নিত উল্লিখিত ভূমির তপশিল ও নকশা রাজউক এর পরিকল্পনা শাখায় সংরক্ষিত আছে। উল্লিখিত ভূমির শ্রেণি পরিবর্তনের বিষয়ে জমির দাগভিত্তিক অবস্থান রাজউক পরীক্ষা-নিরীক্ষা করে বিধি-বিধানের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং উল্লিখিত শর্ত প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজবুল ইসলাম  
সিনিয়র সহকারী প্রধান।